# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৮৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো অন্য ভাইয়ের জন্য তার অনুপস্থিতিতে দু'আ করা, যাতে উভয়ের জন্যই দু'আ কবূল করা হয়

ذِكْرُ اسْتِحْبَابِ كَثْرَةِ دُعَاءِ الْمَرْءِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ رَجَاءَ الْإِجَابَةِ لَهُمَا بِهِ

আরবী

985 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمٍ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ الرِّفَاعِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ قَالَ: حَدَّثَنَا أَبِي , عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ كَرِيزٍ عَنْ أُمِّ الدَّرْدَاءِ عَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ما مِنْ مُسْلِمٍ يَدْعُو لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ إِلَّا قال المَلَكُ: ولك بمثلٍ ولك بمثل)

الراوي : أَبُو الدَّرْدَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 985 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: كُلُّ مَا يَجِيءُ فِي الرِّوَايَاتِ فَهُوَ (كُرَيز) إِلَّا هَذَا فَإِنَّهُ (كَرِيز) وَأُمُّ الدَّرْدَاءِ: اسْمُهَا هُجَيْمَةُ بِنْتُ حُيَيٍّ الْأَوْصَابِيَّةُ وَأَبُو الدَّرْدَاءِ: عُوَيْمِرُ بْنُ عامر.

বাংলা

৯৮৫. আবূ দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন মুসলিম ব্যক্তি যদি তার মুসলিম ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দু'আ করে, তবে ফেরেস্তাগণ বলেন, তোমার জন্যও অনুরুপ হোক, তোমার জন্যও অনুরুপ হোক।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই বর্ণনা ব্যতীত অন্যান্য সমস্ত বর্ণনায় ‘কুরাইয’ নামে এসেছে আর এই বর্ণনায় ‘কারীয’ হিসেবে ব্যবহৃত হয়েছে। উম্মুদ দারদার নাম হলো হুজাইমা বিনতু হুইয়াই আল আওসোবিয়্যাহ, আর আবুদ দারদার নাম হলো উমাইমির বিন আমির।”

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭৩২; সুনান বাইহাকী: ৩/৩৫৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৯৮; আদাবুল মুফরাদ: ৬২৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৯৭; তিরমিযী: ১৯৮১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩৩৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89490

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন